গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাং/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস, আর, ও, নং-১১৫-আইন/৯৮/১৭৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৭(১) ও ধারা ৩৯(২) এর সহিত পঠিতব্য ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার আটককৃত পণ্য ও যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৭ রহিতক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ–

১। সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন।- এই বিধিমালা আটককৃত পণ্য ও যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) " আইন " অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) ;

(খ) "কর্মকর্তা" অর্থ বিধি ৩ এ উল্লিখিত কর্মকর্তা ;

(গ) "ছাড়" অর্থ আইনের ধারা ২৭ এর অধীন আটককৃত কোন পণ্য বা ধারা ৩৯ এর অধীন বাজেয়াপ্তযোগ্য ও আটককৃত কোন যানবাহন সম্পর্কে আইনের বিধান অনুসারে ন্যায় নির্ণয়ন অনিষ্পন্ন থাকা অবস্থায় (Pending adjudication) অন্তবর্তীকালীন সময়ের জন্য এই বিধিমালা অনুসারে প্রদত্ত ছাড়।

৩। আটককৃত পণ্য ও যানবাহন ছাড় প্রদানকারী কর্মকর্তা।– (১) আইনের ধারা ২৭ এর অধীনে কোন নিবন্ধিত ব্যক্তির পণ্য আটক করা হইলে যেই স্থানে পণ্য আটক করা হয় উহার উপর এক্তিয়ার সম্পন্ন সহকারী কমিশনার বা তদূর্ধ্ব কোন কর্মকর্তা বিধি ৪ অনুসারে উক্ত পণ্যের ছাড় প্রদান করিতে পারিবেন।

(২) আইনের ধারা ৩৯ এর অধীন বাজেয়াপ্তযোগ্য ও আটককৃত কোন যানবাহন উক্ত কর্মকর্তা বিধি ৪ অনুসারে ছাড় প্রদান করিতে পারিবনে।

(৩) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে–

(ক) আইনের ধারা ৪০ এর বিধান অনুসারে ন্যায়নির্ণয়নের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণই হইবেন অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের ক্ষমতা সম্পন্ন কর্মকর্তা;

(খ) দফা (ক) তে উল্লিখিত ছাড়প্রদানের ক্ষমতা সম্পন্ন কর্মকর্তাগণের কেহ কোন সময় অনুপস্থিত থাকিলে, কমিশনারের ক্ষেত্রে তাহার অধীনস্থ জ্যেষ্ঠতম এমন কর্মকর্তা যিনি যুগ্ম কমিশনারের নিম্নতর নহেন, এবং অন্যান্য কর্মকর্তার অনুপস্থিতির ক্ষেত্রে তাহার উর্ধ্বতন যে কোন কর্মকর্তা এই বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

৪। ছাড় প্রদানের পদ্ধতি ও শর্তাদি।– (১) আটককৃত পণ্য বা যানবাহনের মালিক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত পণ্য বা যানবাহন বা ক্ষেত্রমত উভয়ই ছাড়করণের জন্য এই বিধিমালার সহিত সংযুক্ত ছক "ক" তে প্রয়োজনীয় তথ্য উল্লেখ করিয়া ছাড়করণের আবেদন সম্বলিত ব্যক্তিগত মুচলেকা দাখিল করিতে পারিবেন।

(২) পণ্য বা যানবাহন এর মালিকানা সম্পর্কিত মূল কাগজপত্রের অনুলিপি এবং যানবাহনের ক্ষেত্রে চালকের ড্রাইভিং লাইসেন্সের অনুলিপি উক্ত মুচলেকার সহিত দাখিল করিতে হইবে।

(৩) উক্ত আবেদনপত্র তথা মুচলেকা পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লিখিত হইতে হইবে এবং উহাতে এই মর্মে সুনির্দিষ্ট অঙ্গীকার থাকিতে হইবে যে, আটককৃত পণ্য বা যানবাহন বা উভয়ই কর্মকর্তার নির্দেশিত স্থানে, সময়ে ও পদ্ধতিতে উপস্থাপন করা হইবে এবং উক্তরূপ উপস্থাপনে ব্যর্থ হইলে পণ্য বা যানবাহনের মালিক আইনের ধারা ৩৭ অনুযায়ী দন্ডনীয় হইবেন।

(৪) এই বিধির অধীনে আটককৃত পণ্য বা যানবাহন বা উভয়ই ছাড়করণের জন্য উপ-বিধি (১), (২) ও (৩) অনুসারে দাখিলকৃত আবেদন তথা মুচলেকা এবং উহাতে উল্লিখিত তথ্যাদি ও তৎসংশ্লিষ্ট কাগজপত্র সম্পর্কে সন্তুষ্ট হইলে কর্মকর্তা উক্ত পণ্য বা যানবাহন বা উভয়ই মুচলেকা প্রদানকারীর ব্যক্তিগত জিম্মায় প্রদানের মাধ্যমে উহা ছাড় প্রদানের বিষয়টি ছক-ক এর সংশ্লিষ্ট অংশে সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করিয়া উহার একটি সত্যায়িত অনুলিপি মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিবেন।

(৫) কর্মকর্তা আটককৃত পণ্যের প্রতিনিধিত্বমূলক নমুনা সংগ্রহ ও সংরক্ষণ করিতে পারিবেন; এইরূপ নমুনা সংগৃহীত হইলে উহার তালিকা দাখিলকৃত মুচলেকা অথবা মুচলেকার সহিত সংযুক্ত আলাদা কাগজে লিপিবদ্ধ করতঃ উহার একটি সত্যায়িত অনুলিপি মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীনে সংগৃহীত নমুনা ন্যায় নির্ণয়ন মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট গুদাম কর্মকর্তা সংরক্ষণ করিবেন এবং কোন কারণে উহা সংরক্ষণ করা সম্ভব না হইলে কর্মকর্তা তাহার বিবেচনামত উপযুক্ত পদ্ধতিতে উক্ত নমুনা নিষ্পত্তি করিতে পারিবেন এবং বিষয়টি সংশ্লিষ্ট নথিতে বা রেজিষ্টারে লিপিবদ্ধ করিবেন।

(৭) এই বিধিমালা অনুসারে মুচলেকা দাখিল করা হইলে —

(ক) কর্মকর্তা আটককৃত পণ্যের ক্ষেত্রে মুচলেকা দাখিলের তারিখের পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে এবং আটককৃত যানবাহনের ক্ষেত্রে মুচলেকা দাখিলের পরবর্তী দুই কার্যদিবসের মধ্যে ছাড় প্রদান করিবেন;

(খ) কোন কারণে কর্মকর্তা ছাড় প্রদান না করিলে উক্ত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কারণ উল্লেখ পূর্বক আবেদনকারীকে তাহার সিদ্ধান্ত লিখিতভাবে জানাইয়া দিবেন;

(গ) উক্ত সময়সীমার মধ্যে কর্মকর্তা ছাড় প্রদান করিতে ব্যর্থ হইলে অথবা দফা (খ) এর অধীনে নেতিবাচক সিদ্ধান্ত না জানাইলে উক্ত মুচলেকা গৃহীত হইয়াছে এবং উক্ত পণ্য বা যানবাহন বা উভয়ই স্বয়ংক্রিয়ভাবে ছাড়প্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং কর্মকর্তা উক্ত সময়ান্তে অবিলম্বে আটককৃত পণ্য বা যানবাহন ছাড় করিয়া দিবেন।

ব্যক্তিগত মুচলেকা

হুক-ক

[ বিধি ৪(১) দ্রষ্টব্য ]

(অংশ-কঃ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

আমি/আমরা (পণ্য / যানবাহনের মালিকের নাম, প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর, ঠিকানা) ____________________,

____________________, ____________________________________________ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৭ এর উপ-ধারা (১) ও ধারা ৩৯ এর উপ-ধারা (২) মোতাবেক নিম্নে বর্ণিত পণ্য / যানবাহনের অন্তর্বর্তীকালীন ছাড় প্রদানের জন্য আবেদনকরতঃ মূল্য সংযোজন কর সহকারী/ ডেপুটি/ যুগ্ম/ অতিরিক্ত কমিশনার/ কমিশনার (অফিসের নাম) ..........................................
এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বরাবরে এই অঙ্গীকারনামা প্রদান করিতেছি।

২। আমি / আমরা এই মর্মে অঙ্গিকার প্রদান করিতেছি যে, আটককৃত পণ্য বা যানবাহন বা উভয়েরই উপরে উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত পণ্য বা যানবাহন যে কোন সময় নির্দেশিত স্থানে বা পদ্ধতিতে উপস্থাপন করিতে বাধ্য থাকিব এবং উক্তরূপ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে আইনের ধারা ৩৭ অনুযায়ী দন্ডনীয় হইব।

৩। আটককৃত পণ্য / যানবাহন সম্পর্কিত তথ্যাবলীঃ

(১) আটক মামলার নম্বরঃ ........................ তারিখঃ ........................

(২) পণ্য ঃ

ক) পণ্যের নাম ......................................................
খ) পণ্যের পরিমাণ ..................................................
গ) পণ্য মূল্য (মামলায় নিরূপিত)................................ (টাকা)

(৩) যানবাহন ঃ

ক) যানবাহনের ধরণ ...................................
খ) মডেল ও তৈরীর সন ................................................
গ) চেসিস নম্বর ...........................................
ঘ) ইঞ্জিন নম্বর ...........................................
ঙ) রেজিষ্টেশনের স্থান .................. তারিখ ......................
চ) রেজিষ্টেশন নম্বর ............ রেজিষ্টেশনের বৈধ মেয়াদ ............
ছ) চালকের নাম .............. ড্রাইভিং লাইসেন্স নম্বর ...............
জ) যানবাহনের অন্যান্য বিবরণ, যদি থাকে ................................

স্থান ................................ স্বাক্ষর ....................................
তারিখ ................................ নাম ....................................
পদবী ....................................
মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর ............

(অংশ-খ ঃ মূল্য সংযোজন কর অফিস কর্তৃক পূরণীয়)

(১) রেজিষ্টারে ব্যক্তিগত মুচলেকার ক্রমিক নম্বর ঃ

(২) উপরি-উক্ত পণ্য বা যানবাহন বা উভয়ই উহার/উহাদের মালিক বা তাহার নিকট হইতে প্রাধিকার প্রাপ্ত ব্যক্তি (নাম ও ঠিকানা) ........................................................................ এর ব্যক্তিগত জিম্মায় ছাড় প্রদান করা হইল।

(৩) সংগৃহীত নমুনার তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ (প্রয়োজনে আলাদা কাগজ ব্যবহার করা যাইবে)

বিঃ দ্রঃ ১। মুচলেকা গৃহীত হইলে উহার সত্যায়িত অনুলিপি মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিতে হইবে ;

২। সংগৃহীত নমুনার তালিকার সত্যায়িত অনুলিপিও মুচলেকা প্রদানকারীকে সরবরাহ করিতে হইবে।

কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আহমেদ মুনিরুছ সালেহীন ]
দ্বিতীয় সচিব
মূসক-নীতি নির্ধারণ ও বাজেট